

## শিল্পী অমিয়া মতিন-এর পিতৃবিয়োগ সোনার বাংলা'র শোক

অস্ট্রেলিয়া প্রবাসী সঙ্গীত শিল্পী অমিয়া মতিন-এর পিতা এম . নুরুল হুদা গত ২৫ জুলাই, বুধবার ম্যাসিভ হার্ট এ্যাটাকে মৃত্যুবরণ করেছেন ( ইন্সলিঙ্কাহে ----রাজেউন)। তিনি গত ৪ জুন মেয়ে অমিয়া মতিন এবং জামাতা সিডনিবাসী বাংলা ডট কম এর কর্নধার প্রকৌশলী আব্দুল মতিন এর বাড়ীতে বেড়াতে আসেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৬৯ বছর। তিনি বাংলা একাডেমীর পরিচালক ছিলেন। ১৯৯৬ সালে বাংলা একাডেমীর চাকুরী থেকে অবসর গ্রহন করেন। এছাড়াও তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষা শিক্ষা ইনস্টিউটে জার্মান ভাষা পড়াতেন। ১৯৭৫ সাল থেকে ঢাকাস্থ গোথে ইনস্টিউটের একজন আমরন সদস্য ছিলেন এবং জার্মান ভাষায় অধ্যাপনা করেছেন। তাঁর মৃত্যুর সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে সিডনির সাংস্কৃতিক, সামাজিক, রাজনৈতিক সংগঠক, স্থানীয় মিডিয়ার কর্মকর্তারা সহ শুভাকাজ্জীরা অমিয়া মতিনের হোলসওয়ার্দিস্থ বাসভবনে ছুটে যান।

মরহুম নুরুল হুদা ২কন্যা সন্তান, ২ জামাতা ও ৪ নাতি-নাতনিসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

সোনার বাংলা'র পক্ষ থেকে আমরা মরহুমের আত্মার শান্তি কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি এবং সেই সাথে সাথে পরম করনাময়ের কাছে প্রার্থনা করছি তিনি যেন মরহুমের শোক সন্তপ্ত পরিবাবর্গকে এই কঠিন শোক সহ্য করবার শক্তি দেন।